

২০২৩

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-13

(আধুনিক বাংলা কাব্য-কবিতা)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'সোমের প্রতি তারা' পত্রিকায় পুরাণের নবরূপায়ণ কীভাবে ঘটেছে আলোচনা করো। ১০  
অথবা,  
(খ) পত্রকাব্য হিসাবে বীরঙ্গনা কাব্যের সার্থকতা বিচার করো। ১০
- ২। (ক) 'দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা', তদ্বৃটি 'বৈষ্ণব কবিতা' অবলম্বনে প্রতিষ্ঠা করো। ১০  
অথবা,  
(খ) নজরুল ইসলাম তাঁর 'নারী' কবিতায় যেভাবে নারীত্বের স্তুতি করেছেন, তা বিশ্লেষণ করো। ১০
- ৩। (ক) 'রবীন্দ্রনাথের প্রতি' কবিতার পটভূমি আলোচনা করে রবীন্দ্রনাথের প্রতি কবি বুদ্ধদেব বসুর মনোভাব ব্যক্ত করো। ১০  
অথবা,  
(খ) 'বোধন' কবিতায় কবির বক্তব্য কীভাবে ফুটে উঠেছে তা তোমার নিজের ভাষায় লেখো। ১০
- ৪। (ক) 'জনা' চরিত্রটিকে কি যথার্থ ট্রাজিক চরিত্র বলা যায়? আলোচনা করো। ৫  
অথবা,  
(খ) শকুন্তলা'র পত্রিকা কীভাবে একটি অভিযোগপত্র হয়ে উঠেছে বুঝিয়ে দাও। ৫
- ৫। (ক) 'ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোট সে ভরী', কবির এই বক্তব্যের নিহিতার্থ কী? ৫  
অথবা,  
(খ) 'বিদ্রোহী' কবির বিদ্রোহ-র কারণ অনুসন্ধান করো। ৫
- ৬। (ক) 'সোহংবাদ' কবিতাটির আধ্যাত্মিক সুরটির পরিচয় দাও। ৫  
অথবা,  
(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'বধূ' কবিতা অবলম্বনে বধূর মর্মবেদনার স্বরূপটি আলোচনা করো। ৫

Please Turn Over

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৫×১

- (ক) 'বীরঙ্গনা' কাব্যের নায়িকারা কোন অর্থে আধুনিক, বুঝিয়ে দাও।  
 (খ) কবির 'নিরুদ্দেশ যাত্রা'র সংক্ষিপ্ত পরিচয় দাও।  
 (গ) 'স্মৃতির শহরে' কবিতা অবলম্বনে কবির প্রতীক্ষার স্বরূপ আলোচনা করো।

৮। সংক্ষেপে উত্তর দাও।

১×১৫

- (ক) 'প্রেম মন্ত্র দিও কর্ণমূলে।' —কে, কাকে বলেছেন?  
 (খ) 'বীরঙ্গনা' কাব্যটির সঙ্গে কোন পাশ্চাত্য কাব্যগ্রন্থের তুলনা করা হয়?  
 (গ) 'দুয়ন্তের প্রতি শকুন্তলা' পত্রিকায় কোন নাটকের ছায়া পড়েছে?  
 (ঘ) 'কেমনে অধর্ম কর্ম করিবে রুক্ষিণী?' কোন কর্মকে রুক্ষিণী অধর্ম বলেছেন?  
 (ঙ) 'লয়ে ফুলবৃন্ত, কাশ, নয়ন কাজলে/লিখিনু', চিঠিটি কে, কাকে লিখছেন?  
 (চ) 'সঙ্কিতা' কাব্যগ্রন্থটির প্রকাশকাল লেখো।  
 (ছ) 'অভিশাপ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?  
 (জ) 'দেখালে সমুখে প্রসারি কর।' —কবি কী দেখলেন?  
 (ঝ) 'সোনার তরী' কবিতায় কবি কোন ঋতুর কথা লিখছেন বলে মনে হয়?  
 (ঞ) 'বসুন্ধরা' কবিতায় কবি 'আমারে ফিরিয়ে লহো', বলে কোথায় ফিরতে চেয়েছেন?  
 (ট) গাড়িবান্দার তলা থেকে কারা ছুটে আসবে?  
 (ঠ) 'রাত্রি' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?  
 (ড) 'বৃক্ষ' কবিতাটি কোন কাব্যগ্রন্থে আছে?  
 (ঢ) কোন কোন নাচের মুদ্রায় ভারতবর্ষ খোদিত?  
 (ণ) 'মাতরিস্বা' শব্দের অর্থ কী?